আমাকে ফেলে রাখবেন না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.১৭/৬৯

তারিখ: ১৯ চৈত্র, ১৪২৪ বঃ
২ এপ্রিল, ২০১৮ খ্রিঃ

কাস্টমস রুলিং (অগ্রিম) নং-০২/২০১৮

বিষয়: **PVC in Roll নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র: Data Communication International এর ০৪/০২/২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

Data Communication International, PVC in Roll নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারির পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারির নাম | Data Communication International |
| আবেদনকারির ঠিকানা | 417, Senpara Parbata, Mirpur-10, Dhaka. |
| টেলিফোন নম্বর | ০১৯৭৬৬৩২৫২৭, ০১৯১৫৭৫৫৫৫৫ |
| ই-মেইল | focuspointcnf@yahoo.com |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Sheets of Polymers of Vinyl chloride (PVC) |
| যে ভৌত অবস্থায়(Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Roll |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | China |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | 3920.43.00 |
| রপ্তানিকারক বা সরবরাহকারি প্রতিষ্ঠানের নাম/ঠিকানা | Fuzhou Really Trading Co. Ltd., China. |

০২। আবেদনকারির ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

আমদানিকারক Data Communication International কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে PVC Sheets in




Figure 1 : Image of PVC sheet

Roll নামক পণ্যটি fiber রিইনফোর্সড প্লাস্টিক শীট। BCSIR এর প্রতিবেদন অনুসারে উক্ত Plastic Sheet এঁর Physical Characteristics নিম্নরুপ:

ছক-১

| ক্রঃ নং | Test Parameters | Result |
|---|---|---|
| ১. | Appearance | White Plastic Sheet |
| ২. | PVC এর উপস্থিতি | (+) |
| ৩. | Density | ০.৮৫৫ g/cm3 |
| ৪. | Thickness | ০.২৬৩ mm |
| ৫. | Cellular/Non-cellular | non-cellular |

এছাড়া তাতে বিদ্যমান Constituent Material এর শতকরা হার নিম্নরুপ:

ছক-২

| ক্রঃ নং | Constituent Material | শতকরা হার (%) |
|---|---|---|
| ১. | PVC Content | ৫৮.৩৪ |
| ২. | Fiber | ১৩.০১ |
| ৩. | Inorganic Pigment | ২৮.৬৫ |

৩। **বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:**

**(ক) এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালার আলোকে পর্যালোচনা:**

কোন একটি আমদানিয়/রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes ও Chapter Notes পর্যালোচনা করা আবশ্যক।

বর্ণিত PVC Sheets in Roll এর শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্তরূপ এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (যা সাধারণত: কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ফার্স্ট শিডিউল নামে পরিচিত) এর চ্যাপ্টার ৩৯ এর হেডিং ৩৯২০ এর হেডিং নোট নিম্নরুপ:

"Other plates, sheets, film, foil and strip, of plastics, non-cellular and not reinforced, laminated, supported or similarly combined with other materials".

এছাড়া, Explanatory Notes (Volume-2) এ একই হেডিং ৩৯২০ এর ব্যাখ্যায় বলা আছে, (পৃষ্টা নং VII-3920-2)

"This heading does not cover products which have been reinforced, laminated, supported, or similarly combined with other materials other than plastic."

অপরদিকে, চ্যাপ্টার ৩৯ এর হেডিং ৩৯২১ এর হেডিং নোট নিম্নরুপ:

"Other plates, sheets, film, foil and strip, of plastics."

০২/

অর্থাৎ, হেডিং ৩৯.২০ এবং হেডিং ৩৯.২১ এর তুলনামূলক পর্যালোচনায় এটা প্রতীয়মান, non-cellular এবং not reinforced, laminated, supported or similarly combined with other materials জাতীয় Plastic এর তৈরী plates, sheets, film, foil এবং strip সমূহ হেডিং ৩৯.২০ এর আওতায় শ্রেণিবিন্যাসিত হবে। অন্যদিকে হেডিং ৩৯.২১ এ cellular এবং reinforced, laminated, supported or similarly combined with other materials জাতীয় Plastic এর তৈরী Plates, sheets, film, foil এবং strip সমূহ শ্রেণিবিন্যাসিত হবে।

আমদানিকারক Data Communication International কর্তৃক দাখিলকৃত BCSIR এর প্রতিবেদন অনুসারে PVC Sheets in Roll নামক পণ্যটি fiber রিইনফোর্সড প্লাস্টিক শীট। অর্থাৎ, তা হেডিং ৩৯২১ এর আওতায় শুল্কায়নযোগ্য।

(খ) বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (বিসিটি) এবং প্রাপ্ত তথ্যাদির আলোকে পণ্যটির সঠিক এইচ.এস.কোডঃ

বর্ণিত পণ্যের জন্য প্রযোজ্য এইচ. এস. কোড নির্ধারণের লক্ষ্যে WCO এর এইচ. এস. কোড শ্রেণিবিন্যাস নীতিমালার পাশাপাশি বাংলাদেশ কাস্টমস ট্যারিফ পর্যালোচনা করা হয়েছে। বিসিটি এর হেডিং ৩৯২১ এর আওতায় পণ্যগুলোকে দু'টো ক্যাটেগরীতে ভাগ করা হয়েছে, যা নিম্নরুপঃ

- Cellular
- Other

আমদানিকারক Data Communication International কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন (ছক-১ দ্রষ্টব্য) অনুসারে, আমদানিতব্য পণ্য non-cellular. অর্থাৎ তা other এর আওতায় শুল্কায়নযোগ্য। অপরদিকে, বিসিটি এর হেডিং ৩৯২১ এর সাব-হেডিং ৩৯২১.৯০ (other) এর আওতায় তিনটি ক্যাটেগরী নির্ধারণ করা হয়েছে, যা নিম্নরুপঃ

| | |
|---|---|
| 3921.90.10 --- | Vulcanized fibre sheet imported in pre punched, cut to size shape for the manufacture of silver cans; plastic film metalised yarn grade imported by VAT registered metalised tarn (flat or round) manufacture industry |
| 3921.90.20 --- | Multilayer extruded sheet for plastic laminated collapsible tube imported by VAT registered plastic tube manufacturing industries |
| 3921.90.90 --- | Other |

আমদানিতব্য পণ্য Vulcanized fibre sheet imported in pre punched বা Multilayer extruded sheet প্রকৃতির না হওয়ায় তা Other (3921.90.90) এর আওতায় শ্রেণিবিন্যাসযোগ্য। Other এর আওতায় তিনটি এইচ. এস. কোড রয়েছে, যা নিম্নরুপঃ

| | |
|---|---|
| 3921.90.91---- | In printed form |
| 3921.90.92---- | PVC coated magstrip imported by VAT registered SIM card or Smart card manufacturing industry |
| 3921.90.99---- | Other |

আমদানিতব্য পণ্যের নমুনা পর্যালোচনায় দেখা যায়, তা printed form এর নয়। তাছাড়া, এটি VAT registered SIM card or Smart card manufacturing industry কর্তৃক আমদানিকৃত নয়। অর্থাৎ সার্বিক দিক বিবেচনায়, উক্ত পণ্য এইচ.এস.কোড ৩৯২১.৯০.৯৯ এর আওতায় শুল্কায়নযোগ্য।

৪। **অগ্রিম রুলিং:**

Data Communication International কর্তৃক আমদানিয় Sheets of Polymers of Vinyl chloride (PVC) নামক পণ্যটি Bangladesh Customs Tariff, General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী এইচ.এস.কোড ৩৯২১.৯০.৯৯ তে শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:**

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**

(ক) Data Communication International এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে Data Communication International রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
(০১-০৪-২০১৮)
(মোঃ ফিরোজ শাহ্ আলম)
সদস্য (শুল্ক নীতি ও আইসিটি)
ও সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.১৭/৬৯

তারিখ: ১৯ চৈত্র, ১৪২৪ বঃ
২ এপ্রিল, ২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন করা, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। Manager, Data Communication International, 417, Senpara Parbata, Mirpur-10, Dhaka.

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৮। অফিস কপি/ গার্ড নথি।

(মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com